

## 💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

কেউ যদি মনে করে যে, তার পক্ষ হতে মানুষের উপর বদন্যর লেগে যাচ্ছে তাহলে করণীয় কী?

কেউ যদি আশক্ষা করে যে, তার চোখে দোষ আছে এবং মানুষের উপর তার বদন্যর লেগে যায়, তাহলে তার উচিৎ হল সে নিজেই নিজের চোখের অকল্যাণ দূর করার চেষ্টা করবে। সুতরাং কারও ভাল দেখে সে যেন এই দু'আ পাঠ করে, اللَّهُمَّ بَارِكُ عليه `হে আল্লাহ! তুমি তার উপর বরকত নাযিল কর, তাকে ও তার কাজে বরকত দান কর ইত্যাদি। যেমন আমের বিন রাবীআ যখন সাহু বিন হুনাইফকে বদন্যর লাগিয়ে দিল, তখন নাবী (ﷺ) আমেরকে বলেছিলেন- তুমি اللَّهُمَّ بَارِكُ عليه (আল্লাহ্ম্মা বারিক আলাইহি) বললে না কেন?

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3969

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন